



BCPS

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্

Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং-আরটিএম-৭১২/২০২৬/২৬৫৪৭

তারিখঃ ১৭ জুন ২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখা কর্তৃক জারীকৃত সংশোধিত নীতিমালা (স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪০.১৬.১০.২৫.৩৩৬, তারিখ: ১৯-০৫-২০২৬ খ্রি.) অনুযায়ী বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় **জুলাই ২০২৪ থেকে জুলাই ২০২৬ সেশন** পর্যন্ত এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ যে সকল প্রশিক্ষার্থী **১ জুলাই ২০২৬ খ্রি. তারিখ থেকে** বেসরকারি প্রশিক্ষার্থী হিসেবে **প্রথমবার** / ন্যূনতম ৬ মাস প্রশিক্ষণ শেষে **বিরতির পর** পুনরায় প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক, উক্ত প্রশিক্ষার্থীদের এফসিপিএস ১ম পর্ব পরীক্ষার ফলাফলের **মেধাক্রম ও পছন্দের** ভিত্তিতে বিসিপিএস কর্তৃক স্বীকৃত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল বা ইন্সটিটিউটসমূহে অনলাইন **অটোমেশনের** মাধ্যমে পদায়ন করা হবে।

এমতাবস্থায়, বিসিপিএস এর ওয়েবসাইটে প্রদত্ত লিংকে (<https://sds.bcps.edu.bd/allocation/registration/>) প্রবেশ করে **আগামী ১৮ জুন ২০২৬ খ্রিঃ থেকে ২৩ জুন ২০২৬ খ্রিঃ তারিখ রাত ১১:৫৯ পর্যন্ত** অনলাইনে আবেদন করার জন্য সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনা প্রদান করা হলো। উক্ত সময়ের পর প্রশিক্ষার্থীদের আবেদন করার কোন সুযোগ থাকবে না।

বিঃদ্র:

- কলেজের এফসিপিএস ১ম পর্ব পরীক্ষায় **জুলাই ২০২৪ থেকে জুলাই ২০২৬ সেশন** পর্যন্ত উত্তীর্ণ কোন বেসরকারি প্রশিক্ষার্থী **প্রথমবার অথবা বিরতির পর** নিজ উদ্যোগে **১ জুলাই ২০২৬ খ্রি. তারিখ** থেকে কোন সরকারি মেডিকেল কলেজ, হাসপাতাল বা ইন্সটিটিউটসমূহে প্রশিক্ষণ গ্রহণ করলে, তা বিসিপিএস কর্তৃক গৃহীত হবে না এবং পারিতোষিক ভাতা প্রাপ্য হবেন না।
- কলেজের এফসিপিএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষার্থীগণ বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল বা ইন্সটিটিউটসমূহে প্রশিক্ষণরত থাকলে, তাঁদের প্রশিক্ষণ বিসিপিএস কর্তৃক গৃহীত হবে। তবে উক্ত প্রশিক্ষার্থীগণ স্ব স্ব প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ ভাতা উত্তোলন করবেন, এ সকল প্রশিক্ষার্থীগণ সরকার কর্তৃক প্রদত্ত ভাতার আওতা বহির্ভূত থাকবেন।

উল্লেখ্য যে, বিসিপিএস কর্তৃক পদায়নকৃত বেসরকারি প্রশিক্ষার্থীগণ প্রশিক্ষণ স্থলের বাইরে অন্য কোথাও কোন প্রকার চাকরি/ডিউটি/প্র্যাকটিস অথবা অন্য কোন উৎস হতে বেতন/ ভাতাদি গ্রহণ করতে পারবেন না।

এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য কলেজের ওয়েবসাইট www.bcps.edu.bd ভিজিট করুন।

Ahossain

(অধ্যাপক ডা: মোঃ নূর হোসেন ভূঁইয়া)

অনারারি পরিচালক (আরটিএম), বিসিপিএস

Ahossain
17-06-26

Abm
17-6-26

(অধ্যাপক কোহিনুর বেগম)

সচিব (ভারপ্রাপ্ত), বিসিপিএস

Abm